বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২১-১১৫৮ তারিখ: ১৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ। ২৮ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ ফেনী জেলার দাগনভূঁঞা পৌরসভায় পৌর মার্কেট নির্মাণের প্রাক্কলন ও ডিজাইন অনুমোদন সংক্রান্ত।**

সূত্রঃ মেয়র, দাগনভূঁঞা পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-দা:পৌ:/প্রকৌ:বি:/২০২২/১৬৬; তারিখ: ১৪/০৭/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ফেনী জেলার দাগনভূঞা পৌরসভার মালিকানাধীন ১৭১ নং দাগনভূঞা মৌজার ০১নং খাস খতিয়ানভুক্ত ১৭৫ নং দাগের ০.২৫১৫ একর তোহাবাজারের ভূমিতে ০৬(ছয়) তলা বিশিষ্ট পৌর মাল্টি সুপার মার্কেট নির্মাণ কাজের জন্য এলজিইডি কর্তৃক পরীক্ষিত ২৬,০০,২৮,৫১৩/- (ছাব্বিশ কোটি আটাশ হাজার পাঁচশত তের) টাকার প্রাক্কলন নিম্নোক্ত শর্তে প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

**শর্তাদি:**

(১) ভূমি মন্ত্রণালয় হতে হাটবাজারের সরকারী খাসজমিতে বহুতল বিশিষ্ট ভবন এবং বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ প্রসংগে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-নঙ ভূম/৭-হাট-১/৯৮/১০৫(৭৬), তারিখ: ২১/১২/২০০৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(২) পিপিআর-২০০৮(সর্বশেষ সংশোধনীসহ) যথাযথ অনুসরণ করতে হবে;

(৩) স্থানীয় সরকার বিভাগের ২২/০৬/২০১৭ ইং তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.০৯.০০১.১৪ (অংশ-২)-৮৬১ নং স্মারক পত্রে গঠিত কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে এবং উক্ত পত্রে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ করতে হবে;

(৪) প্রস্তাবিত মার্কেটটি নির্মাণের ক্ষেত্রে সেলামী বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা নির্মাণ ব্যয় নির্বাহ করতে হবে, সেলামী বাবদ প্রাপ্ত অর্থের এক-তৃতীয়াংশ পৌরসভার স্থায়ী আমানত হিসেবে পৌর তহবিলে জমা রাখতে হবে এবং সরকার হতে কিংবা পৌরসভার রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করা যাবে না;

(৫) পৌরসভা পর্যায়ে নির্মিত/নির্মীয়মান/নির্মিতব্য বাণিজ্যিক মার্কেটের দোকান বরাদ্দের সেলামী বাবদ প্রাপ্ত অর্থের ব্যবস্থাপনা/ব্যবহার সম্পর্কিত এ'বিভাগের ২৮/১১/২০১৩ ইং তারিখের ৪৬.০৬৩.০১৪. ০১.০০৯.২০১৩-১৬৩১ সংখ্যক পত্রের নির্দেশনা যথাযথ অনুসরণ করতে হবে;

(৬) **প্রস্তাবিত মার্কেট নির্মাণ কাজের দরপত্র প্রক্রিয়াকরণে প্রচলিত আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং দরপত্র স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে;**

(৭) নির্মাণ কাজের গুণগতমান নিয়ন্ত্রনের স্বার্থে স্থাপত্য ও কাঠামোগত নক্সা প্রণয়নকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সার্বক্ষনিক সুপারভিশন নিশ্চিত করতে হবে;

(৮) সকল পূর্ত কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান সংশ্লিষ্ট জেলা অথবা পার্শ্ববর্তী জেলার এলজিইডি'র ল্যাবরেটরীতে পরীক্ষাপুর্বক উহার ফলাফলের ভিত্তিতে নির্মাণ সামগ্রী ব্যবহারের পূর্বে লিখিত অনুমোদনের বিষয়টি নিশ্চিত করাসহ সংশ্লিষ্ট নথিতে উহার রেকর্ড সংরক্ষণ করতে হবে;

(৯) প্রস্তাবিত মার্কেট যে উদ্দেশে নির্মাণ করা হবে তা ব্যতীত অন্য উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না;

(১০) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বর্ণিত মার্কেটের প্ল্যান ডিজাইন ও স্পেসিফিকেশন পরিবর্তন করা যাবে না এবং

(১১) প্রস্তাবিত মার্কেট নির্মাণের বিষয়ে কোনরূপ অনাকাঙ্খিত পরিস্থিতি বা কোনরূপ মামলার উদ্ভব হলে তার দায়ভার সংশ্লিষ্ট পৌর কর্তৃপক্ষের উপর বর্তাবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৮/০৮/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২।

মেয়র
দাগনভূঁঞা পৌরসভা, ফেনী।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

০১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ফেনী।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের)।

E/old data/e/all file/মার্কেট নির্মাণ সংক্রান্ত/লেটার